



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং রেজি:/২৮(৪)/৫/৬১৪

তারিখ : ১৯/১২/২০২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট এর নিম্নোক্ত বিভাগ সমূহে স্থায়ী পদে শিক্ষক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	বিভাগ	পদ	সংখ্যা	বেতন স্কেল ও গ্রেড
০১	বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি	প্রভাষক	০২	বেতন স্কেল (গ্রেড-০৯) : ২২০০০-৫৩০৬০
০২	ইংরেজী	প্রভাষক	০১	
০৩	ফুড ইঞ্জিনিয়ারিং এন্ড টি টেকনোলজি	প্রভাষক	০১	
০৪	সমাজকর্ম	প্রভাষক	০২	
০৫	নৃবিজ্ঞান	প্রভাষক	০১	
০৬	পাবলিক এডমিনিস্ট্রেশন	প্রভাষক	০১	
০৭	বাংলা	প্রভাষক	০১	
০৮	সমাজবিজ্ঞান	প্রভাষক	০১	
০৯	আর্কিটেকচার	প্রভাষক	০১	

আবেদনের শেষ তারিখ: ১২ জানুয়ারি, ২০২৫

আবেদনের প্রক্রিয়া:

প্রার্থীকে career.sust.edu তে প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করে প্রথমে প্রোফাইল তৈরি করে অবশ্যই অনলাইনে আবেদন করতে হবে। অফলাইনে/ সরাসরি আবেদন গ্রহণযোগ্য নয়। অনলাইনে আবেদনের সময় যেসব কাগজপত্র আপলোড করতে হবে:

- (ক) সকল সনদপত্র/ প্রশংসাপত্রের স্ক্যান করা পিডিএফ কপি (খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি (৩০০/৩০০ পিক্সেল)
(গ) চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র (ঘ) নির্ধারিত ৬০০/= (ছয়শত) টাকা ফি (সব ধরনের চার্জ ব্যতীত)
অনলাইনে আবেদনের সময় পরিশোধ করতে হবে (ঙ) জাতীয় পরিচয়পত্রের স্ক্যান করা পিডিএফ কপি কিংবা জাতীয় পরিচয়পত্র
না থাকলে জন্মনিবন্ধন সনদের স্ক্যান করা পিডিএফ কপি (চ) প্রার্থীর স্বাক্ষর (৩০০/৮০ পিক্সেল) (ছ) প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার
প্রমাণপত্র। (জ) ISI এবং Scopus indexing ছাড়া অন্য সব প্রকাশনার Turnitin রিপোর্ট।

যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত:

যোগ্যতা ও অভিজ্ঞতার কপি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.sust.edu থেকে ডাউনলোড করা যাবে অথবা career.sust.edu এ 'বিস্তারিত দেখুন' অপশনের নিচের অংশে 'প্রকাশিত বিজ্ঞপ্তি' পাওয়া যাবে। ভুল তথ্য সম্বলিত/তথ্য গোপন/ ক্রটিপূর্ণ / অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবেন না। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ ডিএ প্রদান করা হবে না।

সৈয়দ ছলিম মোহাম্মদ আব্দুল কাদির
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট এর
প্রভাষক পদে নিয়োগ সম্পর্কিত যোগ্যতা:

- (ক) প্রার্থীদের এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম GPA ৪.০০ (৫.০০ স্কেলে) থাকতে হবে। তবে ২০০১ থেকে ২০০৪ পর্যন্ত অনুষ্ঠিত এসএসসি বা সমমান এবং ২০০৩ ও ২০০৪ সনে এইচএসসি বা সমমান পরীক্ষায় ন্যূনতম GPA ৩.৫০ (৫.০০ স্কেলে) গ্রহণযোগ্য হবে।
- (খ) প্রার্থীদের বিজ্ঞপ্তিকৃত/ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান/ ইঞ্জিনিয়ারিং) ও মাস্টার্স উভয় পরীক্ষায় ন্যূনতম CGPA ৩.৫০ (৪.০০ স্কেলে) থাকতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে যে কোন একটি পরীক্ষার ফলাফলের CGPA এর শর্ত শিথিলযোগ্য তবে তা CGPA ৩.২৫ এর নিচে কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না। প্রকৌশল বিভাগ সমূহের ক্ষেত্রে মাস্টার্স ডিগ্রীধারী যোগ্য প্রার্থী না পাওয়া গেলে ৪ বছর মেয়াদী ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী প্রার্থী নিয়োগ করা যেতে পারে।
- (গ) সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সকল পর্যায়ে ১ম বিভাগ/ শ্রেণী* থাকতে হবে।
- (ঘ) উচ্চতর ডিগ্রি (এম এস, এমফিল, পিএইচডি) থাকলে ফলাফলের যে কোন একটি শর্ত শিথিলযোগ্য।

*চিহ্নিত বিভিন্ন শব্দের ব্যাখ্যা

* বিভাগ/ শ্রেণী বলতে বোঝাবে লেটার ও নিউমেরিকেল গ্রেড পদ্ধতি প্রবর্তনের পূর্বে প্রচলিত ১ম, ২য়, ৩য় বিভাগ/ শ্রেণী।

সংশ্লিষ্ট বিষয়:

বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগ:

কেমিস্ট্রি/ বায়োকেমিস্ট্রি/ মাইক্রো বায়োলজি।

ফুড ইঞ্জিনিয়ারিং এন্ড টি টেকনোলজি বিভাগ:

Food Engineering and Tea Technology/Food Engineering/Food Technology.

সৈয়দ ছলিম মোহাম্মদ আব্দুল কাদির
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)